

🗏 আস-সাফফাত | As-Saffat | اُلصًافًات

আয়াতঃ ৩৭: ১২৭

আরবি মূল আয়াত:

فَكَذَّبُوهُ فَإِنَّهُم لَمُحضَرُونَ ﴿١٢٧﴾

🗚 অনুবাদসমূহ:

কিন্তু তারা তাকে অস্বীকার করেছিল, ফলে তাদেরকে অবশ্যই (আযাবের জন্য) উপস্থিত করা হবে। — আল-বায়ান কিন্তু তারা তাকে মিথ্যে বলে প্রত্যাখ্যান করল, কাজেই তাদেরকে অবশ্যই (শাস্তির জন্য) হাজির করা হবে। — তাইসিরুল

কিন্তু তারা তাকে মিথ্যাবাদী বলেছিল, অতএব তাদেরকে অবশ্যই শাস্তির জন্য উপস্থিত করা হবে। — মুজিবুর রহমান And they denied him, so indeed, they will be brought [for punishment], — Sahih International

১২৭. কিন্তু তারা তার প্রতি মিথ্যারোপ করেছিল, কাজেই তাদেরকে অবশ্যই শাস্তির জন্য উপস্থিত করা হবে।

তাফসীরে জাকারিয়া

- (১২৭) কিন্তু ওরা তাকে মিথ্যাবাদী বলেছিল, কাজেই ওদেরকে (শাস্তির জন্য) অবশ্যই উপস্থিত করা হবে। [1]
 - [1] অর্থাৎ তাওহীদ ও ঈমানকে অস্বীকার করার জন্য জাহান্নামের শাস্তি ভোগ করবে।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=3915

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন